

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৬২

১১/ জানাযা

পরিচ্ছেদঃ মহান আল্লাহ বান্দাকে আমলের তাওফীক দেন

আরবী

عَنْ أَنَسٍ قَالَ قَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِذَا أَرَادَ اللهُ بِعَبْدٍ خَيْرًا اسْتَعْمَلَهُ قَالُوا وَكَيْفَ يَسْتَعْمِلُهُ؟ قَالَ يُوَفِّقُهُ لِعَمَلٍ صَالِحٍ قَبْلَ مَوْتِهُ

বাংলা

(১২৬২) আনাস (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ কারো সাথে কল্যাণের ইচ্ছা রাখলে তাকে ব্যবহার করে নেন। লোকেরা জিজ্ঞাসা করল, 'ব্যবহার করে নেন কিভাবে?' তিনি বললেন, মৃত্যুর পূর্বে তাকে নেক আমলের তাওফীক দেন। (আহমাদ ১২০৩৬, তিরমিয়ী ২১৪২, হাকেম ১২৫৭)

অন্য এক বর্ণনায় আছে, আল্লাহ কারো সাথে কল্যাণের ইচ্ছা রাখলে তাকে ধুয়ে নেন। জিজ্ঞাসা করা হল, 'ধুয়ে নেন কিভাবে?' তিনি বললেন, মৃত্যুর পূর্বে তাকে নেক আমলের তাওফীক দেন। অতঃপর তার উপর তার মৃত্যু ঘটান। (ত্বাবারানীর আওসাত্ব ৪৬৫৬)

প্রকাশ থাকে যে, এ হাদীসের এক শব্দে আছে, 'আল্লাহ কারো সাথে কল্যাণের ইচ্ছা রাখলে তাকে মধুময় করে নেন।'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন